# বার্ষিক সেমিনার-২০২৩ অনুষ্ঠিত



বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতির উদ্যোগে ০৯ ডিসেম্বর ২০২৩ তারিখে বিএসটিডি'র সভাকক্ষে "Building Capacity of Public Servants Through Training to Achieve Sustainable Development Goals (SDGs)" শীর্ষক বিষয়ের ওপর সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি'র সম্মানিত প্রেসিডেন্ট **জনাব এম জানিবুল হক**।

সেমিনারে নিবন্ধ উপস্থাপন করেন বিএসটিডির **সহ-সভাপতি ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সিনিয়র সচিব, ড. এম আসলাম আলম।** সেমিনারে সঞ্চালকের দায়িত্বে ছিলেন সমিতির মহাসচিব জনাব এম খায়রুল কবীর। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন তিলাওয়াত করেন বিএসটিডি'র নির্বাহী কর্মকর্তা **জনাব মুহাম্মদ জিল্লুর রহমান।**

সেমিনারের শুরুতে স্বাগত বক্তব্য দেন সমিতির মহাসচিব **জনাব এম খায়রুল কবীর।** জনাব কবীর সেমিনার আয়োজনের উদ্দেশ্য সংক্ষিপ্তভাবে তুলে ধরেন। তিনি অনুষ্ঠানে উপস্থিত সম্মানিত সভাপতি, প্রবন্ধকার এবং উপস্থিত অতিথিগণকে স্বাগত জানান। পরিচিতি পর্বের মাধ্যমে অনুষ্ঠানের কাজ শুরু হয়।

সেমিনারের সভাপতি **জনাব এম জানিবুল হক** অনুষ্ঠানে উপস্থিত সুধীমন্ডলীকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে "Building Capacity of Public Servants Through Training to Achieve Sustainable Development Goals (SDGs)" শীর্ষক নিবন্ধের গুরুত্ব এবং তাৎপর্যের সংক্ষিপ্ত বর্ণনা করেন এবং নিবন্ধের উল্লেখযোগ্য দিকসমূহ তুলে ধরেন। তিনি অনুষ্ঠানে উপস্থিত

সকলকে ধন্যবাদ দিয়ে আজকের বিষয়ের প্রবন্ধকার এবং বিএসটিডির সহ-সভাপতি **ড. এম আসলাম আলমকে** তাঁর নিবন্ধ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। অত:পর নিবন্ধকার **ড. এম আসলাম আলম** প্রবন্ধ পাঠের শুরুতে তিনি অয়োজক সংস্থার কর্তৃপক্ষ এবং উপস্থিত অতিথিগণকে ধন্যবাদ দেন এবং তিনি তাঁর প্রবন্ধ উপস্থাপন করেন।

প্রবন্ধকার বাংলাদেশে বিদ্যমান প্রশিক্ষণ সেক্টরের বাস্তব চিত্র উল্লেখ করে বলেন Sustainable Development Goal (SDG) বাস্তবায়নের লক্ষ্যে আজকের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরে জাতীয় সমন্বয়কের একটি পদ সৃষ্টি হওয়া জরুরী। প্রবন্ধকার বলেন এসডিজি বাস্তবায়নে রাষ্ট্র যন্ত্রের সহযোগিতা একান্ত আবশ্যক এবং এ ক্ষেত্রে এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে সম্মিলিত উদ্যোগ অতিব প্রয়োজন। এসডিজি বাস্তবায়নে প্রশিক্ষণের প্রতি তিনি বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি প্রশিক্ষণ সেক্টরের বর্তমান প্রশিক্ষণের হালহকিকত এবং ট্রেনিং কাঠামোর বিস্তারিত তথ্যাবলী তুলে ধরেন। তিনি বলেন এসডিজি বাস্তবায়নে দক্ষ ও প্রশিক্ষিত জনবল প্রয়োজন। এক্ষেত্রে আন্ত: মন্ত্রণালয়ের সমন্বয়ের মাধ্যমে যাবতীয় কার্যক্রম গ্রহণ ও সম্পন্ন করা সম্ভব হলে জাতীয় এবং তৃণমূল পর্যায়ে এসডিজির লক্ষ্য বাস্তবায়নে সহায়ক হবে। প্রবন্ধকার বাংলাদেশে প্রতিষ্ঠিত চারটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণের বাস্তব চিত্র বিস্তারিতভাবে তুলে ধরেন। তিনি বাংলাদেশের প্রশিক্ষণ প্রশিক্ষণের সামগ্রীক বাস্তব প্রতিফলন, বিদ্যমান বিভিন্ন পরিক্ষার কাঠামো, প্রয়োগ ও বাস্তবায়ন এবং অগ্রগতির বিষয়টিও তুলে ধরেন। তিনি বলেন Sustainable Development Goal (SDGs) বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে কাজের সমন্বয় সাধন ও সমন্বিতভাবে সকলকে সম্পৃক্ত করতে হবে। বর্তমানে বাংলাদেশের উন্নয়ন, অগ্রগতি ও প্রেক্ষাপট এবং অবস্থানগত তথ্যও তিনি বিশেষভাবে উল্লেখ করেন।

অত:পর সেমিনারের সভাপতি **জনাব এম জানিবুল হক** অনুষ্ঠানে উপস্থিত সুধীমন্ডলীকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে "Building Capacity of Public Servants Through Training to Achieve Sustainable Development Goals (SDGs)" শীর্ষক নিবন্ধের ওপর মুক্ত আলোচনায় অংশগ্রহণের আমন্ত্রণ জানান। মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন যথাক্রমে ড. মোঃ আরিজুল ইসলাম খান, আলহাজ্ব বিলকিস বেগম, ড. মোঃ লিয়াকত হোসেন মোড়ল, ড. সুশীল সরকার, জনাব মোঃ জাহিদুল ইসলাম, জনাব মোঃ শফিকুল ইসলাম, জনাব মোঃ মশিউর রহমান, জনাব মোঃ জাহিদুল ইসলাম (বাংলাদেশ ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট) এবং জনাব মোঃ বিল্লাল হোসেন প্রমুখ। বক্তগণ তাদের সুচিন্তিত মতামত ব্যক্ত করেন।

অত:পর সেমিনারে উপস্থিত সম্মানিত অংশগ্রহণকারীদের প্রশ্ন করার জন্য ধন্যবাদ দিয়ে মুক্ত আলোচনায় উঠে আসা বিভিন্ন প্রশ্নের খুঁটিনাটি উল্লেখপূর্বক সুস্পষ্ট জবাব দেন **ড. এম আসলাম আলম।**

**সেমিনারে সভাপতি জনাব এম জানিবুল হকের বক্তব্যঃ** সভাপতি মহোদয় **জনাব এম জানিবুল হক** "Building Capacity of Public Servants Through Training to Achieve Sustainable Development Goals (SDGs)" শীর্ষক বিষয়ের ওপর একটি গুরুত্বপূর্ণ নিবন্ধ প্রস্তুত ও উপস্থাপনের জন্য তিনি বিএসটিডি'র সহ-সভাপতি **ড. এম আসলাম আলমকে** ধন্যবাদ দেন। তিনি বলেন আজকের সেমিনারের বিষয়টি অত্যন্ত চমৎকার এবং তাৎপর্যপূর্ণ। সেমিনারে আশানুরূপ সদস্যবর্গ উপস্থিত

হওয়ায় এবং স্বতর্স্ফুতভাবে আলোচনায় অংশগ্রহণ করায় তিনি সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন সেমিনারটি অত্যন্ত মনোগ্রাহী ও আকর্ষণীয় এবং মনোরম পরিবেশে সম্পন্ন হয়েছে। তিনি জানান **"স্মার্ট বাংলাদেশ"** বিনির্মাণে আজকের বিষয়টি মাইলস্টোন হিসেবে কাজ করবে। তিনি বলেন এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে সর্বক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীকে সম্পৃক্ত হতে হবে। এছাড়া এসডিজি বাস্তবায়নে সর্বোচ্ছ ব্যক্তিদের সমন্বয়ে জাতীয় পর্যায়ে একটি কমিটি গঠনপূর্বক নিয়মিত মিটিং করে অগ্রগতি পর্যালোচনা করা জরুরী। উপরন্ত এসডিজি বাস্তবায়নের জন্য সকল প্রকার সুযোগ-সুবিধার ব্যবস্থাও থাকতে হবে।

প্রতিটি মন্ত্রণালয়, সংস্থা, বিভাগ এবং প্রতিষ্ঠানের মাধ্যমে এসডিজির লক্ষ্য বাস্তবায়নে বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের পদোন্নতির ক্ষেত্রে এসিআর এ মার্ক সংযোজন করা যেতে পারে। তিনি জানান পাবলিক সার্ভেন্টস এবং প্রশিক্ষণ ক্ষেত্র ইকুইপ্ট না হলে প্রশিক্ষণ স্বার্থক হবে না।

তিনি বলেন দক্ষ ও প্রশিক্ষিত জনবল তৈরীর ক্ষেত্র সৃষ্টির জন্য প্রশিক্ষণ সেক্টর আধুনিকায়ন ও সকল প্রকার সুযোগ-সুবিধা বৃদ্ধি করা অপরিহার্য। বিএসটিডি এ বিষয়ে বিভিন্ন সংস্থার সাথে কর্পোরেট/কোঅপারেট করবে। এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে TOT প্রশিক্ষণ কোর্স সহায়ক হতে পারে। তিনি বলেন সেমিনারে আলোচিত বিষয়ের প্রস্তাবনার ওপর একটি সার-সংক্ষেপ তৈরী করে সুপারিশমালা মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরসহ সংশ্লিষ্ট সংস্থায় প্রেরণ করা যেতে পারে। সুন্দর একটি অনুষ্ঠান আয়োজনের জন্য বিএসটিডির সকল কর্মকর্তা-কর্মচারী এবং সেমিনারে উপস্থিত সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে তিনি তাঁর বক্তব্য শেষ করেন। অত:পর মধ্যাহ্ন ভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।